ইনভেষ্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, ঢাকা

অ্যাপ্রাইজাল ডিপার্টমেন্ট

বিষয়ঃ অ্যাপ্রাইজাল ডিপার্টমেন্ট এর সেবা কার্যাবলীর বিবরণ ।

বিভিন্ন কোম্পানির সিকিউরিটিজ ইস্যুর প্রিআইপিও প্লেসমেন্ট, ইক্যুইটির বিপরীতে অগ্রিম, ডিবেঞ্চারে বিনিয়োগ, প্রেফারেন্স শেয়ার ক্রয়, বন্ড এ বিনিয়োগ এবং ডিবেঞ্চার ও বন্ড ইস্যুর ট্রাস্টি, মিউচ্যুয়াল ফান্ড এর ট্রাস্টি ও কাস্টোডিয়ান, শেয়ার ও ডিবেঞ্চার ইস্যুর আয়োজক, ব্যাংক গ্যারান্টি প্রদান ইত্যাদি অ্যাপ্রাইজাল ডিপার্টমেন্টের মূখ্য কাজ।

শিল্পায়নে প্রদত্ত আর্থিক সহায়তা ঃ

(ক) কোম্পানির পাবলিক ইস্যুতে ডিবেঞ্চার এবং শেয়ারের প্রিআইপিও প্লেসমেন্টে অংশগ্রহন;
(খ) নতুন প্রকল্প স্থাপনের ক্ষেত্রে এবং বিদ্যমান প্রকল্পের বিএমআরই (BMRE) তে ডিবেঞ্চার ইস্যু, বন্ড ইস্যু এবং প্রেফারেন্স শেয়ারে অংশগ্রহণের মাধ্যমে অর্থায়ন;
(গ) কোম্পানির ইক্যুইটির বিপরীতে অগ্রিম প্রদান;
(ঘ) কোম্পানির ইক্যুইটিতে সরাসরি বিনিয়োগ।

ট্রাস্টি হিসাবে দায়িত্ব পালন ঃ

ক) কোম্পানির বন্ড ইস্যুর ট্রাস্টি হিসাবে দায়িত্ব পালন;
খ) কোম্পানির ডিবেঞ্চার ইস্যুর ট্রাস্টি হিসাবে দায়িত্ব পালন;
গ) মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি ও কাষ্টোডিয়ান হিসাবে দায়িত্ব পালন।

প্রকল্পের আয়োজক হিসাবে দায়িত্ব পালন ঃ

ক) নতুন শিল্প স্থাপনে বা বিদ্যমান প্রকল্পের সম্প্রসারণ স্কীমে ইক্যুইটি সহায়তার আয়োজক হিসাবে দায়িত্ব পালন ;
খ) নতুন শিল্প স্থাপনে বা বিদ্যমান প্রকল্পের সম্প্রসারণ স্কীমে ডিবেঞ্চার/বন্ড ইস্যুর আয়োজক হিসাবে দায়িত্ব পালন;

ব্যাংক গ্যারান্টি ঃ

ক) ব্যাংক গ্যারান্টি প্রদান সংক্রান্ত কার্যক্রম;
খ) প্রকল্পের আর্থিক সহায়তার উপর্যুক্ত বিষয় সমূহের ক্ষেত্রে আবেদনকারী কর্তৃক নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হয়ে থাকে ঃ

১) আইসিবির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বরাবরে সংশ্লিষ্ট কোম্পানি কর্তৃক উপরিল্লিখিত নির্দিষ্ট বিষয়ে আর্থিক সহায়তার জন্য আবেদন করতে হবে;

২) বিদ্যমান প্রকল্পের ক্ষেত্রে আবেদনপত্রের সাথে বিগত ৩ বছরের নিরীক্ষিত হিসাব বিবরণী জমা প্রদান করতে হবে;

৩) প্রজেক্ট প্রোফাইল জমা দিতে হবে;

৪) কোম্পানির অন্যান্য সহযোগী প্রতিষ্ঠান সমূহের তথ্য/নিরীক্ষিত হিসাব বিবরণী জমা দিতে হবে;

৫) ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট প্রকল্প প্রস্তাব সন্তোষজনক বিবেচিত হলে আর্থিক সহায়তার জন্য **আইসিবির নির্ধারিত আবেদন পত্রের ছকে কোম্পানিকে** আবেদন করতে হবে।

৬) আইসিবির নির্ধারিত আবেদন পত্রের সাথে **প্রকল্প পরীক্ষণ ফি** বাবদ সর্বনিম্ন ৫০০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা প্রদান করতে হবে যা পরবর্তীতে মূল্যায়ন ফি এর সাথে সমন্বয় করা হবে;

৭) বন্ড, মিউচ্যুয়াল ফান্ড বা ডিবেঞ্চার ইস্যুর ট্রাস্টি হিসাবে দায়িত্ব পালনের ক্ষেত্রে ট্রাস্টি ফি বাবদ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন এর নিয়ম অনুযায়ী নির্ধরিত ফি প্রযোজ্য হবে;

৮) কাস্টোডিয়ান হিসাবে দায়িত্ব পালনের ক্ষেত্রে এসইসি কর্তৃক নির্ধারিত ফি প্রযোজ্য হবে;

৯) ডিবেঞ্চার ও বন্ড ইস্যুর সহায়তার ক্ষেত্রে আয়োজক হিসাবে দায়িত্ব পালনের ক্ষেত্রে আইসিবির নির্ধারিত ফি প্রযোজ্য হবে;

১০) আইসিবির যাচিত সকল তথ্য প্রাপ্তি,সন্তোষজনক প্রকল্প পরিদর্শন প্রতিবেদন, নিস্কন্টক সিআইবি রিপোর্ট এবং গহণযোগ্য ক্রেডিট রেটিং রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে) সাপেক্ষে প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন তৈরী করা হয়;

১১) প্রকল্প মূল্যায়ন প্রতিবেদনটি স্মারকলিপিসহ প্রকল্প মূল্যায়ন কমিটি বরাবরে উপস্থাপন করা হয়;

১২) প্রকল্প মূল্যায়ন কমিটির সুপারিশের আলোকে স্মারকলিপি প্রস্তুত পূর্বক ব্যবস্থাপনা পরিচালক/পর্ষদ সমীপে উপস্থাপন করা হয়;

১৩) প্রকল্পের আর্থিক সহায়তার ক্ষেত্রে আইসিবি কর্তৃক মোট প্রকল্প ব্যয়ের সর্বোচ্চ ৬০% থেকে ৭০% শর্ত সাপেক্ষে মঞ্জুরী প্রদান করা হয়।ইক্যুইটির ক্ষেত্রে আর্থিক সহায়তার পরিমান মোট ইক্যুইটির সর্বোচ্চ ৫০%;

১৪) আর্থিক সহায়তা প্রদানের ক্ষেত্রে কোম্পানি কর্তৃক আইসিবির নিকট গ্রহণযোগ্য সিকিউরিটিজ আইসিবির অনুকূলে বন্ধক সৃষ্টি করতে হবে। প্রয়োজনে সহায়ক জামানত গ্রহণ করা হয়ে থাকে;

১৫) প্রকল্পের আর্থিক সহায়তার ক্ষেত্রে আইসিবিকে নির্ধারিত হারে সুদ ও ফি প্রদান করতে হবে;

১৬) ব্যাংক গ্যারান্টি প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে ব্যাংক গ্যারান্টি গ্রহীতা কর্তৃক আইসিবিকে অগ্রিম ভিত্তিতে ত্রৈমাসিক ০.৭৫% কমিশন প্রদান করতে হবে। এছাড়াও ব্যাংক গ্যারান্টি গ্রহণের ক্ষেত্রে ২০% নগদ এবং ৮০% নগদ সমতুল্য সিকিউরিটি আইসিবিতে জমা প্রদান করতে হবে;

অ্যাপ্রাইজাল বিভাগ কর্তৃক উপরিবর্ণিত বিভিন্ন কার্যক্রম সম্পাদনের পর ডকুমেন্টেশন বিভাগ কর্তৃক নিম্নোক্ত দলিলাদি সম্পাদিত হয়ে থাকেঃ

ক) **ডিবেঞ্চার অর্থায়নের ক্ষেত্রে** ঃ

১) Debenture Subscription Agreement সম্পাদন করতে হয়। এ ক্ষেত্রে ১৫০.০০(১০০+৫০) টাকা মূল্যমানের ২টি Non Judicial Stamp এর প্রয়োজন হয়;
২) Demand Promissory Note: এ ক্ষেত্রে ১৫০.০০(১০০+৫০) টাকা মূল্যমানের ২টি Non Judicial Stamp এর প্রয়োজন হয়;
৩) পরিচালকদের আন্ডারটেকিং ঃ এ ক্ষেত্রে ১৫০.০০(১০০+৫০) টাকা মূল্যমানের ২টি Non Judicial Stamp এর প্রয়োজন হয়;
৪) Letter of Gurantee : এ ক্ষেত্রেও ১৫০.০০(১০০+৫০) টাকা মূল্যমানের ২টি Non Judicial Stamp এর প্রয়োজন হয়;

খ) ট্রাস্টি (Trustee): এ ক্ষেত্রে Trustee Deed সম্পাদন করতে হয় -যার জন্য মোট ৩৩.৭৫ টাকার Stamp এর প্রয়োজন হয়। কিন্তু ভগ্নাংশ অংকের Stamp না থাকায় মোট ৩৫.০০ (২০+১০+৫) টাকার Stamp ও কার্টিজ এর প্রয়োজন হয় ।

গ) **প্রেফারেন্স শেয়ার** ঃ এ ক্ষেত্রে নিম্নোক্ত দলিলাদি সম্পাদন করতে হয়:

১) Subscription Agreement ;
2) Deed of Floating Charge (প্রযোজ্য ক্ষেত্রে);
3) Demand Promissory Note;
4) Letter of Gurantee;
5) Undertaking.

উপরোক্ত প্রতিটি দলিলের ক্ষেত্রেই ১৫০.০০(১০০+৫০) টাকা মূল্যমানের ২টি করে Non Judicial Stamp এর প্রয়োজন হয়;

ঘ) Pre-IPO Placement: এক্ষেত্রে Subscription Agreement সম্পাদন করতে হয় যার জন্য ১৫০.০০(১০০+৫০) টাকা মূল্যমানের Stamp এর প্রয়োজন হয়।

ঙ) **আয়োজক হিসাবে দায়িত্ব পালনঃ**

এক্ষেত্রে Security Sharing Agreement সম্পাদন করতে হয় যার জন্য ১৫০.০০ (১০০+৫০) টাকা মূল্যমানের Stamp এর প্রয়োজন হয়। সিন্ডিকেট অর্থায়নের ক্ষেত্রে একাধিক অর্থায়নকারী (Lender) ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের একটি Mortgage Property থাকতে পারে।

<u>চ) ইক্যুইটি অর্থায়নের ক্ষেত্রে ঃ</u> এ ক্ষেত্রে নিম্নোক্ত দলিলাদি সম্পাদন করতে হয়:

1) Subscription Agreement ;
3) Demand Promissory Note;
4) Letter of Gurantee;
5) Undertaking.

উপরোক্ত প্রতিটি দলিলের ক্ষেত্রেই ১৫০.০০(১০০+৫০) টাকা মূল্যমানের ২টি করে Non Judicial Stamp এর প্রয়োজন হয়;

আইসিবি কর্তৃক প্রকল্পে আর্থিক সহায়তা গ্রহণের ক্ষেত্রে বিস্তারিত জানার জন্য অ্যাপ্রাইজাল ডিপার্টমেন্টের সহকারী মহাব্যবস্থাপক এবং অ্যাপ্রাইজাল ডিভিশনের উপ-মহাব্যবস্থাপক মহোদয়ের সাথে যোগাযোগ করা যেতে পারে।

<u>যোগাযোগের ঠিকানা ঃ</u>

মোঃ আমিনুল কাদের খান সহকারী মহাব্যবস্থাপক অ্যাপ্রাইজাল ডিপার্টমেন্ট ফোন-৯৫৬৩৪৫৫ এক্সঃ ১৬৮	মোঃ খোরশেদ হোসেন উপ-মহাব্যবস্থাপক অ্যাপ্রাইজাল ডিভিশন ফোন- ৯৫৭০৬১৭ ৯৫৬৩৪৫৫ এক্সঃ ১৮২